

তথ্য ও সংস্কৃতি বিভাগ

পশ্চিমবঙ্গ সরকার

নবাব, ৩২৫ শরৎ চ্যাটার্জি রোড, হাওড়া ৭১১১০২

স্মারক সংখ্যা: ৫৩/আইসিএ/এনবি

তারিখ: ১৮/০২/২০২০

মুখ্যমন্ত্রীর শোকবার্তা

বিশিষ্ট অভিনেতা এবং প্রাক্তন বিধায়ক ও সাংসদ তাপস পালের প্রয়াণে আমি গভীর শোক প্রকাশ করছি। তিনি আজ ভোরে মুম্বাইয়ের একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। বয়স হয়েছিল ৬১ বছর। তাঁর অভিনীত উল্লেখযোগ্য চলচ্চিত্র দাদার কীর্তি, সাহেব, ভালোবাসা ভালোবাসা, অনুরাগের ছোঁয়া, অমর বন্ধন ইত্যাদি। তিনি হিন্দি সিনেমায়ও অভিনয় করেছেন। তাপস পাল ২০০১ ও ২০০৬ সালে আলিপুর বিধানসভা কেন্দ্রের বিধায়ক এবং ২০০৯ ও ২০১৪ সালে কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের সাংসদ নির্বাচিত হন।

পশ্চিমবঙ্গ সরকার ২০১২ সালে তাঁকে বিশেষ চলচ্চিত্র পুরস্কার প্রদান করে। এছাড়া তিনি ফিল্ম ফেয়ার ও কলাকার পুরস্কার পান। তাঁর প্রয়াণে অভিনয় ও রাজনৈতিক জগতে অপূরণীয় ক্ষতি হল।

আমি প্রয়াত তাপস পালের আত্মীয় পরিজন ও অনুরাগীদের

আন্তরিক সমবেদনা জানাচ্ছি।

মমতা বন্দ্যোপাধ্যায়